# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২৯৯

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩৩. তিনবার মাথা মসেহ করার দলীল

بَابُ دَلِيلِ تَثْلِيثِ الْمَسْحِ

আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا شُعَيْبُ بْنُ مُحَمَّدٍ الْحَضْرَمِيُّ بِمَكَّةَ ، ثَنَا الرَّبِيعُ بْنُ سُلَيْمَانَ الْحَضْرَمِيُّ ، نَا صَالِحُ بْنُ عَبْدِ الْجَبَّارِ ، ثَنَا ابْنُ الْبَيْلَمَانِيِّ ، عَنْ أَبِيهِ ، عَنْ عُثْمَانَ بْنِ عَفَّانَ : أَنَّهُ تَوَضَّأَ بِالْمَقَاعِدِ ، وَالْمَقَاعِدُ بِالْمَدِينَةِ ، حَيْثُ يُصَلَّى عَلَى الْجَنَائِزِ عِنْدَ الْمَسْجِدِ ، فَغَسَلَ كَفَّيْهِ ثَلَاثًا ثَلَاثًا ، وَاسْتَنْثَرَ ثَلَاثًا ، وَمَضْمَضَ ثَلَاثًا ، وَغَسَلَ وَجْهَهُ ثَلَاثًا ، وَيَدَيْهِ إِلَى الْمِرْفَقَيْنِ ثَلَاثًا ، وَمَسَحَ بِرَأْسِهِ ثَلَاثًا ، وَغَسَلَ قَدَمَيْهِ ثَلَاثًا ، وَسَلَّمَ عَلَيْهِ رَجُلٌ وَهُوَ يَتَوَضَّأُ ، فَلَمْ يَرُدَّ عَلَيْهِ حَتَّى فَرَغَ ، فَلَمَّا فَرَغَ كَلَّمَهُ يَعْتَذِرُ إِلَيْهِ ، وَقَالَ : لَمْ يَمْنَعْنِي أَنْ أَرُدَّ عَلَيْكَ إِلَّا أَنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يَقُولُ : " مَنْ تَوَضَّأَ هَكَذَا وَلَمْ يَتَكَلَّمْ ، ثُمَّ قَالَ : أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ ، وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ غُفِرَ لَهُ مَا بَيْنَ الْوُضُوءَيْنِ

বাংলা

২৯৯(৫). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... উসমান ইবনে আফফান (রাঃ) থেকে বর্ণিত। তিনি আল-মাকাইদ-এ উযু করেন। আল-মাকাইদ হলো মদীনায় মসজিদে নববী সংলগ্ন জানাযার নামায পড়ার স্থান। অতএব তিনি নিজের দুই হাত কব্জি পর্যন্ত তিনবার করে ধৌত করেন, তিনবার নাক পরিষ্কার করেন, তিনবার কুলি করেন, তিনবার মুখমণ্ডল ধৌত করেন, দুই হাত কনুই পর্যন্ত তিনবার ধৌত করেন, মাথা তিনবার মসেহ করেন এবং দুই পা তিনবার করে ধৌত করেন। তার উযুরত অবস্থায় এক ব্যক্তি তাকে সালাম দিলে তিনি উযু শেষ না করা পর্যন্ত তার সালামের উত্তর দেননি। তিনি উযু শেষে ওজরখাহি সাথে কথা বলেন এবং বলেন, আমি এই কারণে তোমার সালামের উত্তর দেইনি যে, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ যে ব্যক্তি এভাবে উযু করলো এবং কোন কথা বলল না, অতঃপর বলল, “আমি সাক্ষ্য দেই যে, আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই, তিনি এক, তাঁর কোন শরিক নেই এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর বান্দা ও তাঁর রাসূল”, তার দুই উযুর মাঝখানে কৃত গুনাহ ক্ষমা করা হয়।

## ফুটনোট

ইবনুল কাত্তান (রহঃ) বলেন, আমি এই হাদীসের মাধ্যমে আবদুল জব্বারের পরিচয় পেলাম। তিনি অজ্ঞাত রাবী। মুহাম্মাদ ইবনে আবদুর রহমান ইবনুল বায়লামানী সম্পর্কে ইমাম তিরমিযী বলেন, ইমাম বুখারী (রহঃ) বলেছেন, তিনি প্রত্যাখ্যাত রাবী, ইমাম যায়লাঈও এ কথা বলেছেন (অনুবাদক)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উসমান ইবন আফফান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80088

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন